



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক সংখ্যা- বিনি/বিজ্ঞপ্তি/৭৪/২/....

তারিখ: ১৮-০৭-২০২৩ খ্রি.

### জরুরি বিজ্ঞপ্তি

২০২২ সালে অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম বর্তমানে চলমান। তবে লক্ষ করা যাচ্ছে কিছু প্রতিষ্ঠান ২০২২ সালে অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে পারিনি। ফলে ঐ সকল বাদপড়া শিক্ষার্থীদের ২০২৩ সালে নবম শ্রেণিতে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করা যাচ্ছে না।

এমতাবস্থায়, মানবিক দিক বিবেচনা করে উক্ত শিক্ষার্থীদের ২০২৩ সালে নবম শ্রেণিতে রেজিস্ট্রেশন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আগামী ১৮-০৭-২০২৩ হতে ২৪-০৮-২০২৩ পর্যন্ত পূর্ব নিদ্ধারিত ফি সোনালী সেবার মাধ্যমে জমা করে আবেদন বোর্ডে জমাদানপূর্বক ২০২২ সালের অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

  
(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

স্মারক সংখ্যা- বিনি/বিজ্ঞপ্তি/৭৪/২/... (১)

তারিখ: ১৮-০৭-২০২৩ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল : ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। জেলা প্রশাসক, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা

২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা


৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে পত্রটি প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল)।

৪। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা

৫। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা

৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা

৭। সংরক্ষণ নথি

  
(সেলিনা সুলতানা)

উপ-বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর